সংবাদ

তারিখ: 4 NOV 2012
পৃষ্ঠা: ৩ কলাম: ৪

# জেএসসি-জেডিসি পরীক্ষা আজ শুরু

## অংশ নিচ্ছে ১৯ লাখ ৮ হাজার ৩৬৫ শিক্ষার্থী

নিজস্ব বার্তা পরিবেশক

আজ অষ্টম শ্রেণীর সমাপনী পরীক্ষা 'জুনিয়র স্কুল সার্টিফিকেট' (জেএসসি) ও সমমানের মাদ্রাসার 'জুনিয়র দাখিল সার্টিফিকেট' (জেডিসি) পরীক্ষা শুরু হচ্ছে। এবার সারাদেশের ২৭ হাজার ৬৪২টি প্রতিষ্ঠান থেকে মোট ১৯ লাখ ৮ হাজার ৩৬৫ জন ছাত্রছাত্রী এই দুই পরীক্ষায় অংশ নিচ্ছে। অভিন্ন প্রশ্নপত্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে দেশের দুই হাজার ২৫০টি কেন্দ্রে। ইতোমধ্যেই পরীক্ষা গ্রহণের সার্বিক প্রস্তুতি সম্পন্ন করেছে শিক্ষা বোর্ডগুলো। সবচেয়ে বেশি অর্থাৎ চার লাখ ৯৫ হাজার ১০৩ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে। প্রথম দিন আজ রোববার অনুষ্ঠিত হচ্ছে বাংলা ১ম পত্রের পরীক্ষা। তিন ঘণ্টাব্যাপী এ পরীক্ষা সকাল ১০টায় শুরু হয়ে শেষ হবে দুপুর

জেএসসি : পৃষ্ঠা : ১৫ ক : ৩

# জেএসসি পরীক্ষা আজ

(১ম পৃষ্ঠার পর)

১টায়। আগামীকাল একই সময়ে অনুষ্ঠিত হবে বাংলা ২য় পত্রের পরীক্ষা। জেএসসি পরীক্ষা শেষ হবে আগামী ১৫ নভেম্বর। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ আজ সকাল ১০টায় রাজধানীর ধানমণ্ডিতে গভর্নমেন্ট বয়েজ হাইস্কুল কেন্দ্র পরিদর্শন করবেন।

এবার জেএসসি ও জেডিসি পরীক্ষায় অংশ নেয়া ১৯ লাখ ৮ হাজার ৩৬৫ জন ছাত্রছাত্রীর মধ্যে অনিয়মিত পরীক্ষার্থী আছে এক লাখ ৭২ হাজার ৬৮৪ জন। অর্থাৎ মোট নিয়মিত পরীক্ষার্থী হচ্ছে ১৭ লাখ ৩৫ হাজার ৬৮১ জন। আর দুই পরীক্ষায় শিক্ষার্থীর মধ্যে ১০ লাখ ১১ হাজার ৫০৩ জন ছাত্রী এবং আট লাখ ৯৬ হাজার ৮৬২ জন ছাত্র। ছাত্রের চেয়ে এবার এক লাখ ১৪ হাজার ৬৪১ জন বেশি ছাত্রী পরীক্ষা দেবে। গত বছরের চেয়ে এবার এ পরীক্ষায় ৪৭ হাজার ২৫২ জন পরীক্ষার্থী বেড়েছে। গত বছর জেএসসি ও জেডিসিতে ১৮ লাখ ৬১ হাজার ১১৩ জন শিক্ষার্থী অংশ নিয়েছিল। তৃতীয়বারের মতো এ পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। ২০১০ সালে প্রথম জেএসসি ও জেডিসি পরীক্ষায় অংশ নিয়েছিল ১৪ লাখ ৯২ হাজার ৮০২ জন ছাত্রছাত্রী। বাংলা ১ম ও ২য় পত্র, ইংরেজি ১ম ও ২য় পত্র এবং গণিত ছাড়া সব বিষয়ে সৃজনশীল প্রশ্নে পরীক্ষা অনুষ্ঠিত হবে। শ্রবণ প্রতিবন্ধীসহ অন্যান্য প্রতিবন্ধী পরীক্ষার্থীর (যাদের হাত নেই বা হাতে লিখতে পারে না) জন্য শ্রুতি লেখকের সুযোগ রাখা হয়েছে। এছাড়া প্রতিবন্ধী পরীক্ষার্থীরা নির্ধারিত সময়ের অতিরিক্ত ২০ মিনিট সময় পাবে। প্রসঙ্গত, ২০০৯ সালে প্রথমবারের মতো অনুষ্ঠিত হওয়া 'প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা'য় অংশ নিয়েছিল ১৯ লাখ ৮০ হাজার ১৮০ জন ছাত্রছাত্রী। ওই পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিল ১৬ লাখ ২০ হাজার ৫৪ জন খুদে শিক্ষার্থী। কিন্তু পঞ্চম উত্তীর্ণ হয়েও অষ্টম শ্রেণী আসতেই ঝরে পড়েছে দুই লাখ ১৫ হাজার ৮৭১ জন ছাত্রছাত্রী। কারণ এবার জেএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে ১৫ লাখ ৫৩ হাজার ৫৭৫ জন। এর মধ্যে অনিয়মিত পরীক্ষার্থী আছে এক লাখ ৪৯ হাজার ৩৯২ জন।

## বোর্ডভিত্তিক পরীক্ষার্থীর তথ্য

জেএসসি পরীক্ষায় এবার সবচেয়ে বেশি পরীক্ষার্থী অংশ নিচ্ছে ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে। এ বোর্ডের অধীনে ৩১৪টি কেন্দ্রে এবার পরীক্ষায় অংশ নিচ্ছে ৪ লাখ ৯৫ হাজার ১০৩ জন ছাত্রছাত্রী। এরপর রাজশাহী বোর্ডের অধীনে ১৯২টি কেন্দ্রে এক লাখ ৯০ হাজার ৭৭৪ জন, কুমিল্লায় ২৬১টি কেন্দ্রে এক লাখ ৮৯ হাজার ৩২৩ জন, যশোরে ১৯১টি কেন্দ্রে এক লাখ ৮৮ হাজার ৬০৬ জন, চট্টগ্রামে ১৯৩টি কেন্দ্রে এক লাখ ৩৬ হাজার ৩৩৩ জন, বরিশালে ১১০টি কেন্দ্রে ৮৫ হাজার ৩৯৮ জন, সিলেটে ১০০টি কেন্দ্রে ৯১ হাজার ৫৬৫ জন, দিনাজপুরে ২০৫টি কেন্দ্রে এক লাখ ৭৬ ৪৭৩ জন এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ৬৮৪টি কেন্দ্রে পরীক্ষায় অংশ নিচ্ছে তিন লাখ ৫৪ হাজার ৭৯০ জন পরীক্ষার্থী।

## বিদেশের কেন্দ্র

প্রতিবারের মতো এবারও বিদেশের কয়েকটি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। এর মধ্যে সৌদি আরবের জেদ্দা কেন্দ্রে ১০৬ জন ও রিয়াদে ১০৯, লিবিয়ার ত্রিপোলিতে আট, কাতারের দোহায় ৭২, আরব আমিরাতের আবুধাবিতে ৩৯, দুবাইয়ে ১৮ এবং বাহরাইনে ৩৬ জন শিক্ষার্থী পরীক্ষা নেবে। এবার প্রথমবারের মতো মাসকাট এবং ওমানে ১০ জন করে পরীক্ষার্থী আবুধাবির মাধ্যমে নিবন্ধন করে পরীক্ষায় অংশ নিচ্ছে।

জেএসসি : রাজশাহী বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ২ লাখ। প্রতিনিধি, রাজশাহী জানান, রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিতব্য জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার সব প্রস্তুতি এরই মধ্যে সম্পন্ন হয়েছে। আজ রোববার রাজশাহীসহ দেশব্যাপী একযোগে পরীক্ষা শুরু হবে। এ বোর্ডের অধীনে এবার মোট পরীক্ষার্থীর সংখ্যা এক লাখ ৯০ হাজার ৭৭৪ জন। মোট ১৯২টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবারও ছেলেদের চেয়ে বেশিসংখ্যক মেয়ে শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। গতকাল দুপুরে রাজশাহী শিক্ষা বোর্ডের সভাকক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়। শিক্ষা বোর্ড চেয়ারম্যান প্রফেসর তানবিরুল আলম এতে সভাপতিত্ব করেন। বক্তব্য রাখেন পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর এসএমএ হুরাইরা, সচিব প্রফেসর আবদুর রউফ মিয়া প্রমুখ।

সংবাদ সম্মেলনে জানানো হয়, এবার জেএসসি পরীক্ষায় রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে মোট এক লাখ ৯০ হাজার ৭৭৪ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। গতবারের চেয়ে এবার পরীক্ষার্থী কমেছে ৩ হাজার ৮৫৮। তবে এবারও বোর্ডের অধীনে জেএসসি পরীক্ষায় মেয়েদের অংশগ্রহণ বেড়েছে। এবার বোর্ডে ছেলেদের চেয়ে ৫ হাজার ৪৭৬ বেড়ে মোট ৯৮ হাজার ১২৫ জন মেয়ে অংশ নিচ্ছে। ছেলে পরীক্ষার্থীর সংখ্যা ৯২ হাজার ৬৪৯। বোর্ডের অধীন এবার ৯৫টি ভিজিল্যান্স টিম ও ৭টি ঝটিকা টিম থাকবে।

## বরিশাল বোর্ডে ২ হাজার জেএসসি পরীক্ষার্থী ঝরে পড়েছে

জেলা বার্তা পরিবেশক, বরিশাল : রোববার থেকে শুরু হওয়া জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষায় বরিশাল শিক্ষা বোর্ডে ২ হাজার ৯০৬ পরীক্ষার্থী ঝরে পড়েছে। বোর্ড সূত্রে জানা গেছে, বরিশাল বোর্ডের অধীন ১৬৮ বিদ্যালয় থেকে ৮৪ হাজার ৩৮০ জন পরীক্ষার্থীর নিবন্ধন করা হয়েছিল। তার মধ্যে পরীক্ষায় অংশ নেয়ার জন্য ফরম পূরণ করেছে ৮১ হাজার ৪৭৬ জন পরীক্ষার্থী। ২ হাজার ৯০৬ জন পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। জেএসসি পরীক্ষায় বরিশাল শিক্ষা বোর্ডে নিয়মিত-অনিয়মিত মিলিয়ে মোট পরীক্ষার্থীর সংখ্যা ৮৫ হাজার ৪২২ জন।

শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মুহম্মদ শাহ্ আলমগীর জানিয়েছেন, এ বছর পূর্বের তুলনায় বরিশাল শিক্ষা বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা কিছুটা কমেছে। তবে বেড়েছে পরীক্ষা কেন্দ্রের সংখ্যা। এ বছর মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্র ৪১ হাজার ২৭৬ জন এবং ছাত্রী ৪৪ হাজার ১৪৬ জন। গত বছরের তুলনায় পরীক্ষার্থী সংখ্যা কমেছে মাত্র ১০৫ জন। গত বছর পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮৫ হাজার ৫২৭ জন। গত বছর পরীক্ষা কেন্দ্র ছিল ৯৮টি। এ বছর তা বেড়ে দাঁড়িয়েছে ১১০টিতে। বরিশাল বিভাগের ৬ জেলার মধ্যে সবচেয়ে বেশি সংখ্যক পরীক্ষার্থী বরিশাল জেলায়।

বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. বিমল কৃষ্ণ মজুমদার বলেছেন, পরীক্ষা কেন্দ্রের পরিবেশ সুষ্ঠু রাখতে স্থানীয় প্রশাসনই যথেষ্ট। তাই গত বছরের ন্যায় এবারও কোন ভিজিল্যান্স টিম থাকছে না। তিনি বলেন, সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পন্ন করতে কেন্দ্র সচিবকে সার্বিক নির্দেশনা দেয়া হয়েছে।